# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৯৯

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৮০. ঘুমালে অযু নষ্ট হয় কিনা

باب الْوُضُوءِ مِنَ النَّوْمِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدِ بْنِ حَنْبَلٍ، حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، حَدَّثَنَا ابْنُ جُرَيْجٍ، أَخْبَرَنِي نَافِعٌ، حَدَّثَنِي عَبْدُ اللهِ بْنُ عُمَرَ، أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم شُغِلَ عَنْهَا لَيْلَةً فَأَخَّرَهَا حَتَّى رَقَدْنَا فِي الْمَسْجِدِ ثُمَّ اسْتَيْقَظْنَا ثُمَّ رَقَدْنَا ثُمَّ اسْتَيْقَظْنَا ثُمَّ رَقَدْنَا ثُمَّ خَرَجَ عَلَيْنَا فَقَالَ " لَيْسَ أَحَدٌ يَنْتَظِرُ الصَّلاَةَ غَيْرُكُمْ " .

ـ صحيح : ق

বাংলা

১৯৯। ’আব্দুল্লাহ ইবনু ’উমার রাযিয়াল্লাহু ’আনহুমা সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন ’ইশার সালাতে আসতে বিলম্ব করেন। এমনকি আমরা মসজিদে ঘুমিয়ে পড়লাম, তারপর জাগলাম। আবার ঘুমিয়ে পড়লাম, তারপর জাগলাম। অতঃপর আবার আমরা ঘুমিয়ে পড়লাম। তারপর তিনি আমাদের নিকট এলেন এবং বললেনঃ তোমরা ব্যতীত অন্য কেউই সালাতের জন্য অপেক্ষা করেনি।[1]

সহীহ : বুখারী ও মুসলিম।

## English

‘Abdullah b. ‘Umar said:
One night the Messenger of Allah (May peace be upon him) was busy and he delayed the night (isha) prayer so much so that we dosed in the mosque. We awoke, then dozed, and again awoke and again dozed. He (the prophet) then came upon us and said: There is none except you who is waiting for prayer.

## ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ সালাতের সময়, অনুঃ ‘ইশা সালাতের পূর্বে ঘুমানো, হাঃ ৫৭০) মুসলিম (অধ্যায়ঃ মাসজিদসমূহ, অনুঃ ‘ইশা সালাতের ওয়াক্ত ও তা বিলম্বে আদায় করা), উভয়ে ‘আব্দুর রাজ্জাক সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57517

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন